গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রায়গঞ্জ, সিরাজগঞ্জ
raigonj.sirajganj.gov.bd

# স্মার্ট বাংলাদেশ ও ভিশন ২০৪১ সম্পর্কে গৃহীত পরিকল্পণা ব্যাপক প্রচারের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ তৃপ্তি কণা মন্ডল
উপজেলা নির্বাহী অফিসার
রায়গঞ্জ, সিরাজগঞ্জ।
সভার তারিখঃ ১৫-০২-২০২৩ খ্রিঃ
সময়ঃ বেলা-১২.০০ টা
সভার স্থানঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, রায়গঞ্জ, সিরাজগঞ্জ।

সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ এর আইসিটি শাখার ১২ ফেব্রুয়ারি ২০২৩ তারিখের ০৫.৪৩.৮৮০০.০২৩.৪১.০০১.২৩.২৩ নং স্মারকে প্রাপ্ত 'স্মার্ট বাংলাদেশ টাস্কফোর্সের নির্বাহী কমিটির' ১ম সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। তিনি জানান স্মার্ট বাংলাদেশ ভিশন ২০৪১ প্রতিষ্ঠা এবং উন্নত বাংলাদেশ বিনির্মাণে স্মার্ট বাংলাদেশ রোডম্যাপ প্রণয়ন করা হয়েছে। স্মার্ট বাংলাদেশ রোডম্যাপ-এ ৪টি পিলার যথাক্রমে স্মার্ট সিটিজেন, স্মার্ট সোসাইটি, স্মার্ট ইকোনমি ও স্মার্ট গভর্নেন্স অন্তর্ভূক্ত করে পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। স্মার্ট বাংলাদেশ নির্মাণে এ চারটি নির্দিষ্ট ক্ষেত্রকে চিহ্নিত করে অগ্রসর হলে স্মার্ট বাংলাদেশে রূপান্তরের কোনো অবশিষ্ট থাকবে না। স্মাট নাগরিক ও স্মার্ট সরকার এর মাধ্যমে সব সেবা এবং মাধ্যম ডিজিটালে রুপান্তরিত হবে। আর স্মার্ট সমাজ ও স্মার্ট অর্থনীতি প্রবৃদ্ধি নিশ্চিত করতে অন্তর্ভূক্তিমূলক সমাজ গঠন এবং ব্যবসা বান্ধব পরিবেশ গড়ে তুলতে সহায়ক ভূমিকা পালন করবে। স্মার্ট বাংলাদেশ হবে সাশ্রয়ী, টেকসই, জ্ঞানভিত্তিক, বুদ্ধিদীপ্ত ও উদ্ভাবনী। এক কথায় সব কাজই হবে স্মার্ট। যেমন স্মার্ট শহর ও স্মার্ট গ্রাম বাস্তবায়নের জন্য স্মার্ট স্বাস্থ্যসেবা, স্মার্ট পরিবহন, স্মার্ট ইউটিলিটিজ, নগর প্রশাসন, জননিরাপত্তা, কৃষি, ইন্টারনেট সংযোগ ও দুর্যোগ ব্যবস্থাপনা নিশ্চিত করা। অনলাইনে শিক্ষার্থীদের অংশগ্রহণ করতে এক শিক্ষার্থী, এক ল্যাপটপ, এক স্বপ্নের উদ্যোগ নেয়ার কথা বলা হয়েছে। এর আওতায় সব ডিজিটাল সেবা কেন্দ্রীয়ভাবে সমন্বিত ক্লাউডের আওতায় চলে আসবে। স্মার্ট বাংলাদেশ বাস্তবায়নে প্রয়োজনীয় দক্ষ জনবল গড়ে তোলার জন্য সংশ্লিষ্ট প্রযুক্তি সমূহ যেমন- Artificial Intelligence, Digital Security, Preparing Bangladesh for the fourth industrial revolution, Big Data, Block chain, Robotics এবং Internet of Things ইত্যাদি বিষয়ে শিক্ষার্থীদেরকে অবহিতকরণ ও প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। অত:পর তিনি মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত 'স্মাট বাংলাদেশ টাস্কফোর্সের নির্বাহী কমিটির' ১ম সভার কার্যবিবরণীর ১.২ নং সিদ্ধান্তের আলোকে দেশের সকল পর্যায়ে স্মাট বাংলাদেশ ও ভিশন ২০৪১ সম্পর্কে গৃহীত কর্মপরিকল্পনা ব্যাপকভাবে প্রচারের লক্ষ্যে সকলের জন্য আলোচনার দ্বার উন্মুক্ত করেন।

**সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, রায়গঞ্জ, সিরাজগঞ্জ বলেন যে,** স্মার্ট বাংলাদেশ ও ভিশন ২০৪১ সম্পর্কে গৃহীত সরকারের কর্মপরিকল্পনা ব্যাপক প্রচারের লক্ষ্যে ওয়েব পোর্টাল, ফেজবুক পেজ, ইউডিসি/পিডিসি, বিভিন্ন দপ্তরের সভা/সমাবেশ, উঠান বৈঠক ইত্যাদির মাধ্যমে ভালো ফল পাওয়া যেতে পারে।

**টিম লিডার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রায়গঞ্জ, সিরাজগঞ্জ বলেন যে,** স্মার্ট বাংলাদেশ ও ভিশন ২০৪১ সম্পর্কে গৃহীত সরকারের কর্মপরিকল্পনা ব্যাপক প্রচারের লক্ষ্যে অত্র দপ্তর কর্তৃক আয়োজিত গণসংযোগ, মহড়া চলাকালীন সময়ে জনগণের মাঝে প্রচারের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

**উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রায়গঞ্জ, সিরাজগঞ্জ বলেন যে,** স্মার্ট বাংলাদেশ ও ভিশন ২০৪১ সম্পর্কে গৃহীত সরকারের কর্মপরিকল্পনা ব্যাপক প্রচারের লক্ষ্যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে সভা/সমাবেশের আয়োজন করা যেতে পারে।

**উপজেলা শিক্ষা অফিসার, রায়গঞ্জ, সিরাজগঞ্জ বলেন যে,** স্মার্ট বাংলাদেশ ও ভিশন ২০৪১ সম্পর্কে গৃহীত সরকারের কর্মপরিকল্পনা ব্যাপক প্রচারের লক্ষ্যে সকল শিক্ষা প্রতিষ্ঠান এবং ক্লাস্টার ভিত্তিক আলোচনা সভার আয়োজন করা যেতে পারে।

**চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রায়গঞ্জ, সিরাজগঞ্জ বলেন যে,** স্মার্ট বাংলাদেশ ও ভিশন ২০৪১ সম্পর্কে গৃহীত সরকারের কর্মপরিকল্পনা ব্যাপক প্রচারের লক্ষ্যে ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে সভার আয়োজন, জুমার খুৎবায় ইমামদের মাধ্যমে একেবারে মাঠ পর্যায়ে প্রচারণা চালানো সম্ভব।

সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্র নং | আলোচনার বিষয় | সিদ্ধান্ত |
|---|---|---|
| ০১ | সকল স্কুল, কলেজ ও মাদ্রাসার ক্লাসে প্রচারণা। | 'সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক/সুপার/অধ্যক্ষগণকে চিঠি দিয়ে বিভিন্ন ক্লাসে ছাত্র-ছাত্রীদের মাঝে 'স্মার্ট বাংলাদেশ ও ভিশন ২০৪১' সম্পর্কে সরকারের গৃহীত কর্মপরিকল্পনা ব্যাপকভাবে প্রচারের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০২ | পৌর সভার মেয়র ও কাউন্সিলরগণ এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও ওয়ার্ড সদস্যদের মাধ্যমে বিভিন্ন দরবার শালিশে প্রচারণা। | পৌর সভার মেয়র ও কাউন্সিলরগণ এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও ওয়ার্ড সদস্যদের মাধ্যমে বিভিন্ন শালিশ/বৈঠকে 'স্মার্ট বাংলাদেশ ও ভিশন ২০৪১' সম্পর্কে সরকারের গৃহীত কর্মপরিকল্পনা ব্যাপকভাবে প্রচারের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০৩ | পৌর ও ইউনিয়ন ডিজিটাল সেন্টারের মাধ্যমে প্রচারণা। | পৌর ও ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের মাধ্যমে সংশ্লিষ্ট ডিজিটাল সেন্টারে আগত সেবাগ্রহিতাদের মাঝে 'স্মার্ট বাংলাদেশ ও ভিশন ২০৪১' সম্পর্কে সরকারের গৃহীত কর্মপরিকল্পনা ব্যাপকভাবে প্রচারের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০৪ | সোসাল মিডিয়া (ফেসবুক পেজ, হোয়াটসঅ্যাপ গ্রুপ, ইউটিউব, টুইটার) মাধ্যমে প্রচারণা। | সোসাল মিডিয়া (ফেসবুক পেজ, হোয়াটসঅ্যাপ গ্রুপ, ইউটিউব, টুইটার) মাধ্যমে 'স্মার্ট বাংলাদেশ ও ভিশন ২০৪১' সম্পর্কে সরকারের গৃহীত কর্মপরিকল্পনা ব্যাপকভাবে প্রচারের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০৫ | স্থানীয় কেবল অপারেটরের মাধ্যমে প্রচারণা। | স্থানীয় কেবল অপারেটরের মাধ্যমে ডিশ লাইনে 'স্মার্ট বাংলাদেশ ও ভিশন ২০৪১' সম্পর্কে সরকারের গৃহীত কর্মপরিকল্পনা ব্যাপকভাবে প্রচারের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০৬ | প্রতিটি দপ্তরের দপ্তর প্রধান ও কর্মচারীদের মাধ্যমে প্রচারণা | প্রতিটি দপ্তর প্রধান ও কর্মচারীদের মাধ্যমে 'স্মার্ট বাংলাদেশ ও ভিশন ২০৪১' সম্পর্কে সরকারের গৃহীত কর্মপরিকল্পনা ব্যাপকভাবে প্রচারের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০৭ | উপজেলা এবং ইউনিয়ন পর্যায়ে সকল দপ্তরের জাতীয় তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদকরণ। | জনগণ যেন ঘরে বসেই সহজে তথ্য ও সেবা পেতে পারে সে জন্য উপজেলা এবং ইউনিয়ন পর্যায়ে সকল দপ্তরের জাতীয় তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদকরণের সিদ্ধান্ত গৃহিত হয়। |
| ০৮ | বিভিন্ন উঠান বৈঠক ও সভা সেমিনারের মাধ্যমে প্রচারণা | উপজেলা মহিলা বিষয়ক অফিসারের দপ্তর, তথ্য আপা দপ্তরসহ বিভিন্ন দপ্তরের উঠান বৈঠকে ও সভা সেমিনারে 'স্মার্ট বাংলাদেশ ও ভিশন ২০৪১' সম্পর্কে সরকারের গৃহীত কর্মপরিকল্পনা ব্যাপকভাবে প্রচারের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০৯ | মসজিদের ইমামদের মাধ্যমে জুম্মার খুৎবায় আলোচনা। | ইসলামিক ফাউন্ডেশনের মাধ্যমে বিভিন্ন মসজিদের ইমামদের দ্বারা জুম্মার খুৎবায় 'স্মার্ট বাংলাদেশ ও ভিশন ২০৪১' সম্পর্কে সরকারের গৃহীত কর্মপরিকল্পনা ব্যাপকভাবে প্রচারের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ১০ | লীলা কীর্তন অনুষ্ঠানে প্রচারণা | হিন্দু ধর্মীয় লীলা কীর্তন অনুষ্ঠানে 'স্মার্ট বাংলাদেশ ও ভিশন ২০৪১' সম্পর্কে সরকারের গৃহীত কর্মপরিকল্পনা ব্যাপকভাবে প্রচারের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ১১ | প্রশিক্ষণ ও বিভিন্ন দিবস উদযাপনকালে প্রচারণা | উপজেলার বিভিন্ন দপ্তরে আয়োজিত প্রশিক্ষণ চলাকালীন সময়ে এবং জাতীয় বিভিন্ন দিবস পালনের অনুষ্ঠানে আবশ্যিকভাবে 'স্মার্ট বাংলাদেশ ও ভিশন ২০৪১' সম্পর্কে সরকারের গৃহীত কর্মপরিকল্পনা ব্যাপকভাবে প্রচারের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ১২ | পৌরসভা ও ইউনিয়ন পরিষদে স্মার্ট কার্ড বিতরণের সময় প্রচারণা | পৌরসভা ও ইউনিয়ন পরিষদে স্মার্ট কার্ড বিতরণের সময় 'স্মার্ট বাংলাদেশ ও ভিশন ২০৪১' সম্পর্কে সরকারের গৃহীত কর্মপরিকল্পনা ব্যাপকভাবে প্রচারের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ১৩ | বিভিন্ন ট্রেনিং ক্লাসে প্রচারণা | বিভিন্ন ট্রেনিং ক্লাসে ছাত্র-ছাত্রীদের মাঝে 'স্মার্ট বাংলাদেশ ও ভিশন ২০৪১' সম্পর্কে সরকারের গৃহীত কর্মপরিকল্পনা ব্যাপকভাবে প্রচারের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ১৪ | উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে প্রচারণা | উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে 'স্মার্ট বাংলাদেশ ও ভিশন ২০৪১' সম্পর্কে সরকারের গৃহীত কর্মপরিকল্পনা ব্যাপকভাবে প্রচারের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ১৫ | বিভিন্ন মা সমাবেশে প্রচারণা | বিভিন্ন মা সমাবেশে মায়েদের মাঝে 'স্মার্ট বাংলাদেশ ও ভিশন ২০৪১' সম্পর্কে সরকারের গৃহীত কর্মপরিকল্পনা ব্যাপকভাবে প্রচারের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ১৬ | বিভিন্ন হাট-বাজারে মাইকিং করে প্রচারণা | হাটবাজারের ইজারাদের মাধ্যমে মাইকিং করে 'স্মার্ট বাংলাদেশ ও ভিশন ২০৪১' সম্পর্কে সরকারের গৃহীত কর্মপরিকল্পনা ব্যাপকভাবে প্রচারের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(তৃপ্তি কণা মন্ডল)
উপজেলা নির্বাহী অফিসার
রায়গঞ্জ, সিরাজগঞ্জ
e-mail : unoraiganj@mopa.gov.bd
টেলিফোন নম্বর ঃ 02588-834865

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রায়গঞ্জ, সিরাজগঞ্জ
raigonj.sirajganj.gov.bd

স্মারক নং ০৫.৪৩.৮৮৬১.০০০.০৩.০৯৮.২৩-১২৫ (২০০) তারিখঃ ১৫-০২-২০২৩ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৬৪ সিরাজগঞ্জ-৩ (রায়গঞ্জ-তাড়াশ)।
০২। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
০৩। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/শিক্ষা ও আইসিটি), সিরাজগঞ্জ।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রায়গঞ্জ, সিরাজগঞ্জ।
০৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রায়গঞ্জ, সিরাজগঞ্জ।
০৬। মেয়র, রায়গঞ্জ পৌরসভা, রায়গঞ্জ, সিরাজগঞ্জ।
০৭। সহকারী কমিশনার (ভূমি), রায়গঞ্জ, সিরাজগঞ্জ।
০৮। উপজেলা-------------------------------------------------- অফিসার, রায়গঞ্জ, সিরাজগঞ্জ।
০৯। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, রায়গঞ্জ, সিরাজগঞ্জ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০। অফিসার ইনচার্জ, রায়গঞ্জ/সলঙ্গা/হাটিকুমরুল থানা, রায়গঞ্জ, সিরাজগঞ্জ।
১১। চেয়ারম্যান, ধামাইনগর/সোনাখাড়া/ধুবিল/ঘুড়কা/চান্দাইকোনা/ধানগড়া/নলকা/পাঙ্গাসী/ব্রহ্মগাছা ইউপি, রায়গঞ্জ, সিরাজগঞ্জ।
১২। কমান্ডার (সাবেক), বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, রায়গঞ্জ উপজেলা কমান্ড, রায়গঞ্জ, সিরাজগঞ্জ।
১৩। সভাপতি/সাধারণ সম্পাদক, ----------------------------------, রায়গঞ্জ উপজেলা শাখা, রায়গঞ্জ, সিরাজগঞ্জ।
১৪। অধ্যক্ষ, ---------------------------------------------------------------- কলেজ/মাদ্রাসা, রায়গঞ্জ, সিরাজগঞ্জ।
১৫। প্রধান শিক্ষক/সুপার, ------------------------------------------------- বিদ্যালয়/মাদ্রাসা, রায়গঞ্জ, সিরাজগঞ্জ।
১৬। সভাপতি, প্রেস ক্লাব, রায়গঞ্জ, সিরাজগঞ্জ।
১৭। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ হিন্দু, বৌদ্ধ, খ্রিষ্টান ঐক্য পরিষদ/উপজেলা পূজা উদযাপন পরিষদ/
উপজেলা হিন্দু মহাজোট/উপজেলা আদিবাসী ফোরাম, রায়গঞ্জ, সিরাজগঞ্জ।
১৮। ব্যবস্থাপক/সমন্বয়কারী,---------------------------------------------এনজিও, রায়গঞ্জ, সিরাজগঞ্জ।
১৯। উদ্যোক্তা, পিডিসি, রায়গঞ্জ পৌরসভা, রায়গঞ্জ, সিরাজগঞ্জ।
২০। উদ্যোক্তা, ---------------------------------------ইউডিসি (সকল), রায়গঞ্জ, সিরাজগঞ্জ।
২১। জনাব ----------------------------------------------------------------------------------------------------রায়গঞ্জ, সিরাজগঞ্জ।
২২। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার ১৫/০২/২০২৩
রায়গঞ্জ, সিরাজগঞ্জ ।